

465

টাঃ বিঃ কোষাধ্যক্ষের পদ শূন্য দুই মাস ধরে

(ঢাকা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের পদটি শূন্য রয়েছে দুই মাস ধরে। এ কারণে বার্ষিক সিনেট অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের এ বছরের বার্ষিক বাজেট পেশ করবেন কোষাধ্যক্ষের পরিবর্তে উপ-উপাচার্য। এছাড়া ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ৩ মাস বিলম্বের কারণে এ বছরের বার্ষিক সিনেট অধিবেশনও পিছিয়ে গেছে ১৫ দিন।

বিলম্বিত সিনেট অধিবেশন ও বাজেট পেশ এবং কোষাধ্যক্ষের অভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রশাসনিক জটিলতাও দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা অন্যান্য কাজ বাদ দিয়ে সিনেট নির্বাচন নিয়ে ব্যস্ত রয়েছেন।

প্রতিবছর ১৫ই জুনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশন ও বাজেট পেশ হয়ে থাকে। কিন্তু এবছরের এ সিনেট অধিবেশন শুরু হবে আগামী ২৭শে জুন, বাজেট পেশ করা হবে ২৮শে জুন। নিয়মানুযায়ী এ বাজেট পেশ করার কথা কোষাধ্যক্ষের। কিন্তু এবারের বাজেট পেশ করবেন উপ-উপাচার্য অধ্যাপক ডঃ শাহাদত আলী।

গত ৭ই এপ্রিল কোষাধ্যক্ষের পদটি শূন্য হলেও এ যাবৎ এ পদে কাউকে নিয়োগ দেয়া হয়নি। কবে কাকে নিয়োগ দেয়া হবে তাও কেউ জানে না। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩ অনুযায়ী কোষাধ্যক্ষ পদটিতে নিয়োগ দেন চ্যান্সেলর হিসেবে রাষ্ট্রপতি। কিন্তু কেন এখনো শূন্য পদটিতে কাউকে নিয়োগ দেয়া হচ্ছে না তা জানা যাচ্ছে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষেরও এ ব্যাপারে কিছুই জানা নেই।

সাবেক কোষাধ্যক্ষ অধ্যাপক এম শামসুল হক গত ৭ই এপ্রিল তার দায়িত্ব থেকে অবসর নিয়েছেন। এরপরে সিন্ডিকেটের সুপারিশ অনুযায়ী উপ-উপাচার্য অধ্যাপক ডঃ মোঃ শাহাদত আলীকে "কুটিন ওয়ার্ক" চালিয়ে যাওয়ার দায়িত্ব দেয়া হয়।

বিভিন্ন কারণে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ৩ মাস বিলম্ব হওয়ায় বার্ষিক সিনেট অধিবেশনও পিছিয়ে গেছে প্রায় ১৫ দিন। অর্থবছরের ক্রান্তিলগ্নে বার্ষিক সিনেট অধিবেশন ও বাজেট পেশ হচ্ছে বলে কর্মকর্তা-কর্মচারীরা হিম সিম খাচ্ছেন বলে তারা জানান।